৬ই মে গ্রীনকে ভোট দিন

লন্ডনের মেয়র হিসেবে সায়ান বেরি (Sian Berry) লন্ডন অ্যাসেম্বলিতে আপনার প্রতিনিধিত্ব করবে গ্রীন

SIAN BERRY LONDON

লন্ডনের একটা নতুন সূচনার প্রয়োজন

"লন্ডন বিশ্বের সবুজতম শহর হতে পারে, এমন শহর যা সেরা ভবিষ্যতের জন্য প্রস্তুত। আর আমরা সেখানে একজন নতুন গ্রীন মেয়র পেতে পারি।"

এই মুহূর্তে লন্ডনবাসীরা একটা নতুন সূচনার জন্য বলছে। এমন এক পুনরুদ্ধার যা সকলকে জাগিয়ে তোলে ও এক নিরাপদ ভবিষ্যৎ সৃষ্টি করে। এমন কিছু যা আমরা গর্বের সঙ্গে ভবিষ্যৎ প্রজন্মের হাতে দিয়ে যেতে পারি।

সায়ান বেরি ও ক্যারোলিন রাসেল (Caroline Russell) গ্রীন লন্ডন অ্যাসেম্বলি সদস্য হিসেবে আপনার প্রতিনিধিত্ব করতে গত পাঁচ বছরে প্রত্যেকটা দিন কাজ করেছেন।

এমনকি সংকটকালের আগেও নাগরিক ও প্রচারকদের সঙ্গে নিয়ে বিশাল সমস্যা উন্মোচিত করেছে।

আমাদের ভাড়াটিয়ারা হতাশাগ্রস্ত, গৃহহীনতা বাড়ছে, ট্রাফিকের পরিমাণ বাড়ছে এবং নারীরা ও সংখ্যালঘুরা প্রতিদিন পূর্বধারণা ও ফৌজদারি ন্যায়বিচার ব্যবস্থার দ্বারা ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

সবচেয়ে কম আয়ের মানুষজন প্রতিকূলতার মধ্যে রয়েছেন এবং আমাদের যুব পরিষেবাগুলিকে ছাঁটাইয়ের দ্বারা ধ্বংস করা হচ্ছে।

করোনাভাইরাস আমাদের ব্যবস্থার ফাঁকগুলির কয়েকটিকে উন্মোচিত করেছে। কিন্তু এই ব্যবস্থাগুলিতে বদলা আনা যায়।

পরিস্থিতি অন্যরকম হতে পারে এবং মেয়র পদের ও অ্যাসেম্বলির জন্য আপনার গ্রীন প্রার্থীদের কাছে লন্ডনের রূপান্তরের পরিকল্পনা রয়েছে।

গ্রীন পার্টির মূল নীতিসমূহ

লন্ডনের জন্য আমাদের নীতিগুলি শহর জুড়ে সকলের সমর্থন লাভ করছে।

সকলের অধিকারের প্রতি সম্মান দেওয়ার কর্তব্য

গ্রীন পার্টি প্রত্যেককে তাঁদের জীবন বৈষম্যহীনভাবে কাটাতে সাহায্য করবে। আমরা যা যা করবো:

- চলাফেরার স্বাধীনতা, EU নাগরিকদের অধিকারকে এবং অভিবাসী ও শরণার্থীদের নিশানা করা যাবতীয় প্রতিকূল পরিবেশ নীতির অবসান ঘটানোর লড়াইকে সমর্থন করা।
- জাতিবিদ্বেষ ও লিঙ্গবৈষম্যের অবসান ঘটাতে একটি শহর-ব্যাপী ব্রত সৃষ্টি করা, LGBTIQA+ নাগরিকদের, যুব ও বয়স্ক লন্ডনবাসীদের অধিকারকে সমর্থন করা এবং প্রতিবন্ধী লন্ডনবাসীদের সম্মুখীন হওয়া বাধাগুলি ভেঙে ফেলা।
- পুলিশের ক্ষমতা কমানো, তাঁদেরকে দায়বদ্ধ করার, মুখ চেনার ব্যবহার বন্ধ করার এবং থামিয়ে তল্লাশি চালানো ফিরিয়ে নেওয়ার দ্বারা নাগরিক স্বাধীনতা রক্ষা করা।

আমাদের অর্থনীতি রূপান্তরের ব্রত

প্রকৃত সবুজ পুনরুদ্ধারের একমাত্র উপায় হল একজন গ্রীন মেয়র। আমরা যা যা করবো:

- আমাদের রাজপথ ও ছোটো ব্যবসাগুলির রক্ষক হয়ে ওঠা, সাশ্রয়ী ভাড়া সহ সহনশীলতা গড়ে তোলা।
- আমাদের স্থানীয় প্রয়োজনীয় পণ্য ও পরিষেবা আরও বেশি করে তৈরি, পুনর্ব্যবহার ও মেরামত করতে সবুজ চাকরি সৃষ্টি করা।
- সহায়তা কর্মীদের জন্য লন্ডনের জীবনধারণের মজুরি ঘণ্টায় £14 করা এবং নিয়োগকর্তাদের পূরণ করার জন্য নমনীয়, পরিবার-বান্ধব মান তৈরি করা।
- একটি সৃজনশীল স্বায়ত্তশাসন ভাতার একটি ট্রায়াল সহ তরুণদের জন্য সুযোগ খুলে দেওয়া - ব্যবসা ও শিল্পকলার ক্ষেত্রে তৎক্ষণাৎ পেশা শুরু করতে সাহায্য করার একটি নিয়মিত উপার্জন।

আমার ক্ষমতা ভাগ করে নেওয়ার এক প্রতিশ্রুতি

গ্রীন পার্টি মানুষের হাতে ক্ষমতা দেওয়ায় বিশ্বাস করে। আমরা যা যা করবো:

- সিদ্ধান্ত নেওয়ায় আরও বৈচিত্র্যপূর্ণ বক্তব্য নিয়ে আসা, যাতে আরও বেশিসংখ্যক লন্ডনবাসীর হাতে এমন নীতি সংক্রান্ত প্রকৃত ক্ষমতা থাকে যা তাদের প্রভাবিত করে, যার মধ্যে মেয়রের বাজেটও রয়েছে।
- কর, NHS, শিক্ষা, ফৌজদারি ন্যায়বিচার, আবাসন ও পরিবেশ নীতিমালা সম্পর্কে সরাসরি বক্তব্য থাকার জন্য সরকারের থেকে ক্ষমতা কেড়ে নিতে আরও বেশি কিছু করা - ঠিক যেমনটা স্কটল্যান্ড ও ওয়েলস-এ রয়েছে।

এক নিরাপদ ও সুস্থ শহরের জন্য পদক্ষেপ

আমাদের লক্ষ্য হল আমাদের শহরের সকলকে ক্ষতির থেকে নিরাপদ রাখা। আমরা যা যা করবো:

- হিংসা প্রতিরোধ করতে ও হত্যার সংখ্যা শূন্যে নামিয়ে আনতে সুস্পষ্ট লক্ষ্য স্থির করা, মহিলাদের বিরুদ্ধে হিংসা বন্ধ করতে প্রকৃত প্রতিরোধে বিনিয়োগ করা এবং তরুণদের সমৃদ্ধিতে সাহায্য করার পরিষেবা দেওয়া।
- উত্তম মানসিক স্বাস্থ্যকে সাহায্য করতে আরও বেশি কিছু করা, এর গুরুত্ব শারীরিক স্বাস্থ্যের সমান করে তোলা। আমরা আরও বেশি সবুজ এলাকা খুলে দেবো এবং লন্ডনবাসীদের নিজেদের কমিউনিটির মধ্যে পরস্পরের সঙ্গে সংযুক্ত হতে সাহায্য করা।
- গতির সীমা কমিয়ে এবং সড়কের পুলিশি ব্যবস্থায় বিনিয়োগ করে সড়কগুলিকে সত্যিকারের নিরাপদ করে তোলা।
- লন্ডনের সমস্ত অঞ্চল জুড়ে অতি অল্প নিঃসরণ অঞ্চল সহ নির্মল বাতাস অর্জন করা এবং ট্রাফিক কমাতে ও সবুজ বাসে বিনিয়োগ করার উদ্দেশ্যে কাজ করা।

আমরা বিশ্বের সবচেয়ে সবুজ শহর তৈরি করবো

আমাদের ভবিষ্যতের জন্য একমাত্র একজন গ্রীন মেয়রের উপরেই আস্থা রাখা যেতে পারে। আমরা যা যা করবো:

- 2030 সালের মধ্যে জলবায়ুর ও বাস্তুতন্ত্রের আপৎকালের সমাধান করতে সঠিক লক্ষ্য স্থির করা এবং সেগুলি অর্জন করতে আমাদের সকল নাগরিকের সঙ্গে কাজ করা।
- সবুজ স্থান রক্ষা করা, কীটনাশকের ব্যবহার বন্ধ করা, শহরব্যাপী গাছপালার ও জলাভূমির উন্নতি ঘটানো এবং নতুন পার্ক ও আরও সবুজ সড়ক তৈরি করা।
- উষ্ণতর গৃহ এবং জ্বালানি দারিদ্র্য কমানোর নতুন অর্থায়ন দিয়ে সবুজ শক্তি ও নতুন চাকরিতে আরও বেশি বিনিয়োগ করা।

লন্ডনকে চালু রাখার একটি সুস্পষ্ট পরিকল্পনা

গ্রীন পার্টি সকলের জন্য চলাফেরা করা সহজতর করতে চায়। আমরা যা যা করবো:

- ট্রাফিক কমানো ও সিলভারটাউন রোড টানেল বাতিল করা, তার বদলে সুস্থ সড়ক, হাঁটা, সাইকেল চালানো, আরও উন্নত বাস ও নতুন গণপরিবহণ সংযোগে বিনিয়োগ করা।
- লন্ডনের বহির্ভাগের সকলকে সফরের জন্য আরও কম অর্থ খরচে সাহায্য করতে আমাদের বাসে যেমনটা রয়েছে টিউব ও রেলের জন্য ঠিক তেমনি সমরূপ ভাড়া স্থির করা ও একক অঞ্চল তৈরি করা।
- পাড়াগুলিকে আরও শান্ত, আরও নিরাপদ ও আরও বেশি সংযুক্ত করার জন্য স্বাস্থ্যকর, ট্রাফিক মুক্ত সড়কে বিনিয়োগ বাড়ানো।

আবাসনের জন্য নতুন চিন্তাভাবনা

আমাদের ধারনাগুলি সকলকে একটি ভদ্র, নিরাপদ বাড়িঘর খুঁজে নিতে সাহায্য করবে। আমরা যা যা করবো:

- মূল কর্মীদের জন্য ভাড়া করা বাসা জোটাতে নতুন বিনিয়োগ সহ আরও বেশি বাড়িঘর লন্ডনবাসীদের নিয়ন্ত্রণে আনা এবং সমবায় ও কমিউনিটি-নিয়ন্ত্রিত আবাসনে আরও বেশি সাহায্য দেওয়া।
- ভেঙে ফেলার বিরুদ্ধে ভোট দিয়ে আবাসিকদের আরও ক্ষমতা দিয়ে পরিষদ আবাসন হারানো প্রতিরোধ করা এবং একটি জনগণের জমি কমিশন (People's Land Commission) তৈরি করা যাতে স্থানীয় এলাকার মানুষ তাঁদের নতুন বাড়িঘরের পরিকল্পনা নিজেরাই করতে পারেন।
- অধিকারের উন্নতি ঘটাতে এবং অতিমারীর সময় জমে ওঠা ভাড়ার ঋণ বাতিল করতে ভাড়াটিয়াদের সঙ্গে কাজ করে গৃহহীনতা প্রতিরোধ করা।
- ভাড়া বড্ড বেশি এবং তা বৈষম্যকে আরও বাড়িয়ে তোলে। একজন গ্রীন মেয়র আমরা লন্ডনের ভাড়া নিয়ন্ত্রণ স্থির করার ক্ষমতা না পাওয়া পর্যন্ত সরকারের উপর চাপ কমাবেন না।

SIAN BERRY LONDON

সায়ান বেরি - লন্ডনের মেয়র হিসেবে আপনার প্রার্থী

সায়ান লন্ডন অ্যাসেম্বলির একজন সদস্য এবং তিনি 2016 সালের শেষ নির্বাচনে তৃতীয় স্থানে ছিলেন, যেখানে তিনি অন্য সব প্রার্থীর চেয়ে বেশিসংখ্যক দ্বিতীয় পছন্দের ভোট পেয়েছিলেন।

সায়ান বলেছেন: "আমি আমার কর্মজীবনের সবটা লন্ডনে কাটিয়েছি এবং এই সমস্ত সময়টাতেই আমি একজন ভাড়াটিয়া হয়ে থেকেছি। আমার খারাপ বাড়ির মালিক, ভাঙা পাইপ ও বেশি ভাড়ার নৈরাশ্যের সরাসরি অভিজ্ঞতা হয়েছে।"

"অ্যাসেম্বলিতে নির্বাচিত হওয়ার আগে আমি পরিবেশ রক্ষা করতে এবং উত্তম পরিবহণ পরিষেবার জন্য বড়সড় নতুন অর্থায়ন জোগাড় করতে সারা দেশব্যাপী কমিউনিটিগুলির সঙ্গে কাজ করেছি।"

"আমি এতটা কাজ করে ফেলেছি এবং আমি আপনাদের ও আমাদের শহরকে আপনার গ্রীন মেয়র হিসেবে পরিষেবা দেওয়ার জন্য প্রস্তুত।"

"গ্রীন পার্টিতে আপনি এমন সাধারণ মানুষদের পেয়ে যাবেন যাদের রাজনীতিবিদ হয়ে ওঠার কারণ হল এই যে আমরা নিজেদের বাসস্থান, আমাদের ভবিষ্যৎ ও আমাদের প্রতিবেশীদের নিয়ে গভীরভাবে চিন্তিত।"

"আমাদের নাগরিকগণ এমন মানুষদের পক্ষে চিৎকার করছেন যাঁদের উপর তাঁরা আস্থা রাখেন, যাঁরা সঠিক বিষয়ের পক্ষে দাঁড়ান।"

"আমাকে মেয়র পদের জন্য আপনার প্রথম পছন্দ করার সঙ্গেই এই নির্বাচনে আপনার যাবতীয় ব্যালট পেপারে আমাদের পরিশ্রমী অ্যাসেম্বলি প্রার্থীদেরও ভোট দিতে পারেন।"

6ই মে, বৃহস্পতিবার সিয়ান বেরি ও গ্রীন দলের জন্য তিনটি ভোট ব্যবহার করুন